মেহেরপুরে বিদ্যুৎপৃষ্ট হয়ে রাজমিস্ত্রির মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর গ্রামে বিদ্যুৎপৃষ্ট হয়ে আলফাজ আলী (৫৫) নামের এক রাজমিস্ত্রির মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার একই গ্রামের হাফিজের বাড়ীতে রাজমিস্ত্রীর কাজ করার সময় বিদ্যুৎপৃষ্ট হয়ে মৃত্যুবরন করে।

আলফাজ আলী একই গ্রামের হঠাৎপাড়ার মৃত হিয়াৎ আলীর ছেলে। জানা গেছে আলফাজ আলী পেশায় একজন রাজমিস্ত্রি। প্রতিদিনের ন্যায় বৃহস্পতিবার গ্রামের হাফিজের বাড়িতে কাজ করছিলেন।

কাজের সময় অসাবধনতাবশত বিদ্যুৎপৃষ্ট হয়ে মৃত্যুবরন করেন। আলফাজ আলীর মৃত্যুতে তার পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

গাংনী শহরে মাদকাসক্ত স্বামীকে টাকা না দেওয়ায় মারধর। স্ত্রীর বিষপান

গাংনী উপজেলা শহরের উত্তরপাড়া এলাকায় মাদকাসক্ত স্বামীর সাথে টাকা পয়সা নিয়ে ঝগড়ার জের ধরে স্ত্রী শান্তনা খাতুন (২৫) বিষপান করে আত্মহত্যার চেষ্টা চালিয়েছেন।

শান্তনা খাতুন গাংনী উপজেলা শহরের উত্তরপাড়া এলাকার শ্যামলী পরিবহণ বাসের হেলপার সবুজ আহম্মেদের স্ত্রী।
বৃহস্পতিবার বিকালের দিকে নিজ বাড়িতে বিষপান করেন তিনি।

পরিবারের লোকজনের সামনেই বিষপান করেন এই গৃহবধু। পরে মূমূর্ষ অবস্থায় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (স্যাকমো) সোহাগ আহম্মেদ জানান বর্তমানে তার অবস্থা আশংকামুক্ত। হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা সেবা দেওয়া হচ্ছে।

পরিবারের লোকজন জানান, বিকালের দিকে মাদকাসক্ত স্বামী সবুজ আহমেদ ২০ টাকা দাবী করেছিল স্ত্রী শান্তনা খাতুনের কাছে। শান্তনার কাছে এক শ টাকার নোট থাকায় সে টাকা দিতে পারেনি।

টাকা না পেয়ে সবুজ তার কাছে থাকা একটি এন্ড্রয়েট ফোন আঁচড়ে ভেঙ্গে ফেলে। এতে স্বামী স্ত্রীর মধ্যে শুরু হয় ঝগড়া। পরে স্ত্রীকে মারধর করে সবুজ আহম্মেদ।

মারধরের জের ধরে ঘরে থাকা ঘাঁস মারা বিষপান করে আত্মহত্যার চেষ্টা করেন স্ত্রী শান্তনা খাতুন।

গাংনীতে টাকার বদলে বিষ! প্রবাসীর স্ত্রী মৃত্যুশয্যায়

প্রবসী স্বামীর দেয়া জমানো পাওনা টাকা চাইতে গেলে পাওনাদারকে টাকা না দিয়ে বিষ খেয়ে মরতে বলে দেনাদার। অবশেষে রাগে ও ক্ষোভে ওই বিষপান করে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছেন প্রবাসীর স্ত্রী রেক্সোনা খাতুন (৩০)।

রেক্সোনা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে। ঘটনাটি ঘটেছে গত বুধবার সন্ধ্যারাতে গাংনী উপজেলার হাড়াভাঙ্গা পশ্চিমপাড়ায়। রেক্সোনা ওই গ্রামের সৌাদ প্রবাসী জিয়ারুল ইসলামের স্ত্রী।

জানা গেছে, জিয়ারুল ইসলাম বিগত ৫ বছর আগে সৌদি আরবে পাড়ি জমায়। সেখান থেকে যা আয় হয় তা স্ত্রী রেক্সোনার কাছে জমা রাখে বাড়ি তৈরীর জন্য। এভাবে ৯ লাখ ৫০ হাজার টাকা জমা হয়।

ওই টাকা প্রতিবেশি হার্ডওয়ার ব্যবসায়ি মিজানুর রহমানের কাছে রড

সিমেন্ট কেনার জন্য জমা রাখেন রেক্সনা। কিছু টাকা ব্যাংক এশিয়াতে জমা রাখার জন্যও মিজানুর রহমানকে দেন।

চতুর মিজানুর ওই টাকা জমা না দিয়ে বিভিন্ন মোবাইল থেকে ব্যাংকের নাম লিখে ভুয়া মেসেজ রেক্সোনার মোবাইল ফোনে প্রেরণ করে।

এদিকে স্বামি জিয়ারুল বিদেশ থেকে বাড়ি আসেন গেল ২৬ মার্চ। পরে এ টাকার হিসেব চান রেক্সোনার কাছে। রেক্সোনা মিজানুরের কাছে টাকার বিষয় জানতে চান রড সিমেন্ট কবে দেবেন ও টাকা ফেরত দিতে বলেন।

এসময় মিজানুর টাকা না দিয়ে রেক্সোনার হাতে বিষের বোতন ধরিয়ে দেন এবং বিষ খেয়ে মরতে বলেন। হার্ডওয়ার ব্যাবসায়ী মিজানুরের প্রতারনায় দিশেহারা হয়ে ওঠে রেক্সেনা।

টাকা হারানোর শোক এবং স্বামীর কাছে টাকার হিসেব দেয়া নেয়া সেই সাথে মিজানুরের বিষের বোতল হাতে তুলে দেয়াটাকে ভালভাবে গ্রহণ করতে পারেনি রেক্সোনা।

অবশেষে ওই দোকানেই বিষপান করেন তিনি। রেক্সোনার মামা নাহারুল ও ভাতিজি আলমাস তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। বর্তমানে রেক্সোনার অবস্থা আশংকাজনক বলে জানিয়েছেন কর্তব্যরত চিকিৎসক খোকন রেজা।

বিষয়টি নিয়ে এলাকায় সমালোচনার সৃষ্টি হয়েছে এবং একজন মানুষের আমানতের খেয়ানতকারির শাস্তির দাবী জানিয়েছে এলাকাবাসী।

স্থানীয়রা আরো জানায় মিজানুর রহমান এলাকায় এর আগেও বহু মানুষের সাথে প্রতারণা করে আঙ্গুল ফুলে কলাগাছ বনে গেছেন। ইতোপুর্বে এক নারীর সাথে অনৈতিক কাজে লিপ্ত থাকার অপরাধে গ্রাম্য সালিশে তার বিচার হয়।

মিজানুর রহমানকে এবিষয়ে জানতে একাধিকবার মোবাইলে যোগাযোগ করা হলে এবং তার গ্রামে গিয়ে খোঁজ করা হলে তিনি আত্নগোপন করায় মন্তব্য লেখা সম্ভব হয়নি।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, এবিষয়ে থানায় কেউ অভিযোগ করেনি। তবে অভিযোগ করলে ওই নারীকে আইনী সহয়তা প্রদান করা হবে।

মেহেরপুরে ড্রাম ট্রাকের ধাক্কায় কৃষক নিহত

বালি বোঝায় ড্রাম ট্রাকের ধাক্কায় ফরজ আলী (৬২) নামের এক কৃষক নিহত হয়েছেন।
নিহত ফরজ আলীর বাড়ি মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামে।

আজ বৃহস্পিবার সকালের দিকে মেহেরপুর-মহাজনপুর সড়কের যতারপুর ব্রিজের কাছে এ দুর্ঘটনা ঘটে।

নিহতের পরিবার সূত্রের বরাত দিয়ে সদর থানার ওসি শাহ দারা খান জানান, ,ফরজ আলী বাই সাইকেল যোগে স্থানীয় মাঠের পানের বরজে কাজ করার জন্য যাচ্ছিলেন। যতারপুর ব্রিজ এলাকায় পৌছানো মাত্রই বালি বোঝায় ট্রাক(ড্রাম্পার) তাকে ধাক্কা দিলে রাস্তার পাশে পড়ে মারাত্মক আহত হন।এসময় পথচারিরা তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালে নেওয়ার পথে আমঝুপির মধ্যে মারা সে। ড্রাম ট্রাকটি পালিয়ে গেছে।

মেয়াদ উত্তীর্ণ ওষধ পাওয়ায় গাংনীর ৬ ফার্মেসীকে অর্থদন্ড ভ্রাম্যমান আদালতের

মেয়াদ উত্তীর্ণ ওষধ ও ড্রাগ লাইসেন্সেরে মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ৬ ওষধ ফার্মেসীকে অর্থদন্ড ও মেয়াদ উত্তীর্ণ ওষধ বিনষ্ট করেছে ওষধ প্রশাসন কর্তৃক পরিচালিত ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম। আজ বৃহস্পতিবার (২১ এপ্রিল) বেলা সাড়ে টা থেকে সাড়ে ১২ টা

পর্যন্ত গাংনী উপজেলা শহরের হাসপাতাল এলাকা, রাইপুর ও হেমায়েতপুর বাজারে এ অভিযান চালান তিনি।
ওষধ প্রশাসন অধিদপ্তরের সহকারী পরিচালক কে এম মহসীনিন মাহবুব বলেন, মেয়াদ উত্তীর্ণ ওষধ এবং লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় গাংনী হাসপাতাল বাজার এলাকার মোহনা মেডিকেলের মালিক মহিবুল ইসলামকে ২ হাজার ৫ শ টাকা, মেয়াদ উত্তীর্ণ ওষধ পাওয়ায় হিমেল ফার্মেসীর মালিক নজরুল ইসলামকে ১ হাজার ৫ শ টাকা, তুরিন ফার্মেসীর মালিক মোস্তফাকে ৫ শ টাকা, হেমায়েতপুর বাজারের হেলাল ফার্মেসীর মালিক হেলাল উদ্দীনকে ৫ হাজার টাকা, ডাক্তার সামসুল আলম ফার্মেসীর মালিক সামসুল আলমকে ১ হাজার টাকা, রাইপুর বাজারের রনি ড্রাগ হাউজের মালিক সমসের আলীকে ১ হাজার টাকা অর্থদন্ড করা হয়।
এসময় ওষধ প্রশাসন অধিদপ্তরের চুয়াডাঙ্গার সহকারী পরিচালক কে এম মহসীনিন মাহবুব ও গাংনী থানা পুলিশের একটি টীম উপস্থিত ছিলেন।

গাংনীর তিন কৃষক পেলেন সরকারের দেয়া কৃষি যন্ত্রপাতি

ভর্তুকী মূল্যে গাংনী উপজেলার পৃথক এলাকার তিন কৃষক পেলেন সরকারের দেয়া কৃষি যন্ত্রপাতি। এরা হলেন, গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামের শুকুর আলী, চিৎলা গ্রামের আব্দুল্লাহ আবু সায়ীদ ও ধর্মচাকী গ্রামের আবুল কাশেম।

আজ বৃহস্পতিবার (২১ এপ্রিল) দুপুরে উপজেলা পরিষদ চত্ত¡রে ভর্তুকী মূল্যে এই তিন কৃষকদের মাঝে কৃষি যন্ত্রপাতির চাবী তুলে দেন গাংনী উপজেলা চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেন।
২০২১-২০২২ অর্থ বছরে “সমন্বিত ব্যবস্থাপনা মাধ্যমে কৃষি যান্ত্রিকী করণ প্রকল্পের আওতায় সরকারী উন্নয়ন সহায়তায় ৩ জন চাষীর মাঝে এ কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হয়।
গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সভাপতিত্বে কৃষি যন্ত্রপাতি বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথী ছিলেন মেহেরপুর জেলা কৃষি

সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ সামসুল আলম, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের প্রতিনিধি আওয়ামীলীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতু।
গাংনী উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুনের সঞ্চালনায় অনুষ্ঠিত কৃষি যন্ত্রপাতি বিতরণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আবেদীন ইকুইপ্টমেন্ট লি: এর মার্কেটিং অফিসার মিনারুল ইসলাম, জাতীয়পার্টি জেপি জেলা কমিটির সভাপতি আব্দুল হালিম প্রমুখ। উল্লেখ্য, ৩৪ লক্ষ ৮০ হাজার টাকা মুল্যের ধান কাটা মাড়াই কৃষি যন্ত্রপাতিটি কৃষকদের মাঝে ১৯ লক্ষ ৩০ হাজার টাকায় সরকারীভাবে প্রদান করা হলো। প্রতিটি কৃষকদের জন্য সরকারী সাড়ে ১৫ লাখ টাকা ভর্তূকী প্রদান করছে।
জানা গেছে, চলতি মৌসুমে এ প্রকল্পের আওতায় মেহেরপুর জেলায় মোট ৭ টি যন্ত্রপাতি বিতরণ করা হয়েছে।

মেধা ও যোগ্যতার ভিত্তিতে নিয়োগ পেয়েছেন তারা–পুলিশ সুপার রাফিউল আলম

বাংলাদেশ পুলিশ বাহিনীতে মেহেরপুর জেলায় ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) পদে চাকরি পেলেন ১৮ জন চাকরি প্রার্থী।

বুধবার সকাল ১০ টার দিকে লিখিত পরীক্ষার ফলাফল ঘোষনার পর উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করে।

মৌখিক পরীক্ষা শেষে ০৩ জন নারী ও ১৫ জন পুরুষসহ মোট ১৮ জন প্রার্থীকে ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) পদে প্রাথমিক ভাবে নির্বাচন করা হয়েছে।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম প্রাথমিকভাবে নির্বাচিত ১৮ জন চাকরি ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) প্রার্থীদের হাতে নিয়োগপত্র দেন এবং তাদের ফুল দিয়ে অভিনন্দন জানান। এসময় মেহেরপুর জেলা পুলিশের উর্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

পুলিশ সুপার মোঃ রাফিউল আলম বলেন, কোনো ধরনের তদবির বাণিজ্য ছাড়াই শতভাগ স্বচ্ছতা ও নিরপেক্ষতার মধ্য দিয়ে মেধা ও যোগ্যতার ভিত্তিতে নিয়োগ প্রক্রিয়াটি সম্পন্ন করা হয়েছে।

তিনি আরো বলেছেন, ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) নিয়োগে বাংলাদেশ পুলিশের মাননীয় ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, বাংলাদেশ ড. বেনজীর আহমেদ, বিপিএম (বার) যে নিয়োগ পদ্ধতি চালু করে দিয়েছেন তা স্বচ্ছতা নিশ্চিত করার জন্য যথেষ্ট।

“চাকরী নয়, সেবা” এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুর জেলায় ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) পদে চাকরি পেলেন ১৮ জন চাকরি প্রার্থী। মেহেরপুর জেলার সম্মানিত পুলিশ সুপার জনাব মোঃ রাফিউল আলম মহোদয়ের সার্বিক তত্তাবধানে স্বচ্ছতা এবং যোগ্যতার ভিত্তিতে ১৮ জন চাকরিপ্রার্থী প্রাথমিকভাবে নির্বাচিত হয়েছেন।

মেহেরপুর শহরে পৃথক সংঘর্ষে নারীসহ ৬ জন আহত

মেহেরপুর শহরের গোরস্থানপাড়া এলাকায় বাড়ির উঠোনে ছাগল বাঁধা কে কেন্দ্র করে দুই পক্ষের সৃষ্ঠ সংঘর্ষে উভয়পক্ষের ৬ জন আহত হয়েছেন। আহতদের মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়েছে।

আহতরা হলেন, মেহেরপুর শহরের গোরস্থানপাড়া এলাকার মঈন উদ্দিনের ছেলে আব্দুল মালেক, আবদুল মালেকের ছেলে ইমরান হোসেন, রিপন আলী ও মেয়ে তানিয়া খাতুন, আনোয়ার হোসেন ও সিদ্দিকের ছেলে আমিরুল ইসলাম। বুধবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শিরা জানান, আনোয়ার হোসেন প্রতিবেশী মালেকের বাড়িতে একটি ছাগল বাঁধে। এঘটনাকে কেন্দ্র করে উভয়ের মধ্যে কথা কাটাকাটি হয়। কথা কাটাকাটির একপর্যায়ে দুই পক্ষের মধ্যে সংঘর্ষ শুরু হয়। এতে উভয় পক্ষের ৬ জন আহত হন।

পরে খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেন। আহতদের উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসা ভর্তি করেন।

মেহেরপুরে ইসলামী ব্যাংকের ইফতার মাহফিল

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, মেহেরপুর শাখার উদ্যোগে “সার্বজনীন কল্যাণে মাহে রমযান” শীর্ষক এক আলোচনা সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।
গতকাল বুধবার বিকালে ব্যাংক মিলনায়তনে ব্যাংকের এ্যাসিস্টেন্ট ভাইস প্রেসিডেন্ট ও শাখা প্রধান জনাব মো: জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার মেয়র মোঃ মাহফুজুর রহমান রিটন।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর দারুল উলুম আহমাদিয়া ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোঃ ওয়াজেদ আলী। মূল আলোচনা পেশ করেন মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক মাওলানা মুহাঃ সিরাজ উদ্দীন ।
প্রধান অতিথি তার বক্তব্যে মাহে রমযানের গুরুত্ব তুলে ধরেন ও কল্যানমুখী ইসলামী ব্যাংকিং এর ভূয়সী প্রশংসা করেন। বিশেষ অতিথি তার বক্তব্যে রলেন রমযানের এত মর্যাদা মূলত আল কুরআনের কারনেই। সে কারনে তিনি কুরআন ভিত্তিক জীবন গঠনের উপর বিশেষ আহবান জানান। অনুষ্ঠানের প্রধান আলোচক পবিত্র মাহে রমযানের সার্বজনীন কল্যানগুলো উল্লেখ করেন ও প্রকৃত মুত্তাকী হিসাবে নিজেকে গড়ে তোলার আহব্বান জানান।
সভাপতির বক্তব্যে ব্যাংকের এ্যাসিস্টেন্ট ভাইস প্রেসিডেন্ট ও শাখা প্রধান মো: জাহাঙ্গীর আলম ইসলামী ব্যাংক সুদ থেকে বেঁচে থাকার এক উত্তম নেয়ামত উল্লেখ করেন। পাশাপাশি সাদাকার গুরুত্ত্ব তুলে ধরে উপস্থিত সকলকে ক্যাশ ওয়াকফ ডিপোজিট হিসাব, হজু ও মোহর হিসাব খোলার আহবান জানান। উন্নত প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে ব্যাংকের আন্তরিক সেবা প্রদানে নিজেদের অঙ্গীকারের কথা তুলে ধরেন এবং উপস্থিত সকল মেহমান, গ্রাহক ও শুভানুধ্যায়ীদের ধন্যবাদ

জানান। পরিশেষে বিশ্ব মানবতার জন্য দোয়া ও মাগফেরাত কামনা করে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করা হয়।

মেহেরপুরে জেলা ছাত্রদলের ইফতার ও আলোচনা সভা

বেগম খালেদা জিয়ার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে মেহেরপুর জেলা তৃণমূল ছাত্রদলের আয়োজনে ইফতার ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার মেহেরপুর পৌর ঈদগাহ পাড়াস্থ কুটুমবাড়ি মিলনায়তনে এ আলোচনা সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানির সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক মোহাম্মদ রাজন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা যুবদল সদস্য মনিরুল ইসলাম মনি। এছাড়াও এ সময় সাবেক ছাত্রনেতা বিপুল, যুবদল নেতা বাদল, জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, সহ সাংগঠনিক সম্পাদক লিটন উদ্দীন,৭ নং ওয়ার্ড ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক ফারদিন, ৫ নং ওয়ার্ড ছাত্রদলের সভাপতি কাঞ্চন মোহাম্মদ, মেহেরপুরে সদর থানা ছাত্রদলের নেতা মোঃ শাহানুর, মোঃ নয়ন, মোঃ জয়নাল,স্বপন, পৌর ছাত্রদল নেতা মোঃ ফুর্তি হাসান, উজ্জল হাসান, রাব্বি, তানভীর, মুজিবনগর উপজেলা ছাত্রদল নেতা মোঃ ইয়াসিন আলী, ইদ্রিস সহ অন্যান্য ইউনিটের সদস্যগণ উপস্থিত ছিলেন।

পরে সেখানে বেগম খালেদা জিয়ার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনায় ইফতার ও দোয়া অনুষ্ঠিত হয়।